দৈনিক সংবাদ

তারিখ 12 APR 1989
পৃষ্ঠা 7 কলাম 6

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র



## বিশিষ্ট শিক্ষাবিদের ইন্তেকাল

কুমিল্লা পুরানা মৌলভী-বাড়ী নিবাসী মরহুম ডা: আলহাজ্ব আ: খালেকের পুত্র অধ্যাপক আবুল খায়ের আহমদ গত ৯ই এপ্রিল ১৮৬।৬, তেজকুনিপাড়ার বাসস্থানে ৭০ বছর বয়সে মৃত্যু-বরণ করেন (ইন্না লিল্লাহে ... রাজেউন)। তিনি বহুদিন যাবৎ হৃদরোগ, পক্ষাঘাত ও অন্যান্য রোগে ভুগছিলেন।

তিনি ১৯৪৭ সালে বগুড়া আজিজুল হক কলেজের এক-জন প্রতিষ্ঠাতা অধ্যাপক হিসেবে কর্মজীবনে শুরু করেন। পঞ্চাশের দশকে তাঁর জন্মস্থান কুমিল্লা ভিক্টোরিয়া কলেজে ইসলামিক ইতিহাস ও কৃষ্টির অধ্যাপনা করেন। তিনি ১৯৫২-এর ভাষা আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। ১৯৫৪ সালে তৎকালীন পূর্ব-পাকিস্তানে গভর্নরের শাসন ৯২-ক ধারার আমলে তিনি কারাবরণ করেন। ঢাকা বিশ্ব-বিদ্যালয়েও তিনি অল্প সময়ের জন্য অধ্যাপনা করেন।

তিনি স্ত্রী, তিন পুত্র ও পুত্র-বধূ দুই কন্যা ও নাতি-নাতনী, বড় ভাই, এক বোন ও বহু আত্মীয়-স্বজন বান্ধব রেখে গিয়েছেন।

আজ বুধবার বাদ আছর তাঁর কুলখানি অনুষ্ঠিত হবে।